দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...SEP. 05.2006 ...
পৃষ্ঠা ৯ কলাম ৭ ......

(৭৪)

# চবিতে তীব্র সেশনজট ॥ পাঁচ বছরের কোর্স শেষ হচ্ছে না দশ বছরেও

চবি সংবাদদাতা ॥ তীব্র সেশনজটের কবলে পড়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। ৫ বছরের অনার্স-মাস্টার্স কোর্স শেষ হচ্ছে না ১০ বছরেও। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গাফিলতি ও আন্তরিকতার অভাবে বছরের পর বছর ঝুলে আছে ফাইনাল পরীক্ষার ফল। দিশেহারা হয়ে পড়েছে শিক্ষার্থীরা।

ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগে পরীক্ষার দেড় বছর পরও ফল প্রকাশ করা হচ্ছে না। ১৯৯৮-৯৯ সেশনের মাস্টার্স পরীক্ষার্থীরা গত বছরের এপ্রিলে তাদের পরীক্ষা শেষ করলেও দীর্ঘ দেড় বছর ধরে ফল না পেয়ে কর্মজীবনে প্রবেশ করতে পারছে না। বিভাগ সূত্রে জানা গেছে; বিভাগীয় চেয়ারম্যান দেশের বাইরে থাকায় ফল প্রকাশে এ বিলম্ব ঘটছে। পাশাপাশি সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগে ১৯৯৮-৯৯ সেশনের অনার্স পরীক্ষার ফল বেরুচ্ছে না প্রায় একবছর ধরে। এ ব্যাপারে বিভাগের চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানিয়েছেন, রেজাল্ট ইজ রেডি। শীঘ্রই তা প্রকাশ করা হবে। অন্যদিকে, রাজনীতি বিজ্ঞান বিভাগে ১৯৯৯-২০০০ সেশনের অনার্স পরীক্ষার্থীরা গত বছরের সেপ্টেম্বর মাসে পরীক্ষা দিলেও এখন পর্যন্ত ফল পায়নি। এ ব্যাপারে ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে পরীক্ষা কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. হাসান মোহাম্মদের কক্ষ ঘেরাও করলে তিনি পদত্যাগ করেন। এ অবস্থায় উল্টো ঝামেলায় পড়ে শিক্ষার্থীরা। পরীক্ষা কমিটির নতুন চেয়ারম্যান নিয়োগ না দেয়ায় এখন পর্যন্ত ফল ঝুলে আছে। একই অবস্থা অনেক বিভাগেই। ইংরেজী বিভাগে ৫ বছরের অনার্স-মাস্টার্স কোর্স শেষ করতে ছাত্রছাত্রীদের সময় লাগে ন্যূনতম এক যুগ।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গাফিলতির কারণে তীব্র সেশন জটের মুখে পড়া শিক্ষার্থীরা বিক্ষুব্ধ হয়ে উঠেছে। বিভিন্ন বিভাগে ফল প্রকাশের দাবিতে ইতোমধ্যে তারা মিছিল-মিটিং ঘেরাওসহ বিভিন্ন কর্মসূচী পালন করছে। ক্ষুব্ধ এক শিক্ষার্থী জনকণ্ঠকে জানান, এমনিতেই নির্ধারিত সময়ের দ্বিগুণ সময়েও কোর্স শেষ করা সম্ভব হয় না। তার ওপর বছরের পর বছর ধরে ফল ঝুলিয়ে বি[illegible] [illegible]র্তৃপক্ষের নিয়মে পরিণত হয়েছে।